



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০২৬/ ১৪২৭

তারিখঃ ২৫/০৩/২০২৬ খ্রি.

## এসএসসি পরীক্ষা-২০২৬ কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের এসএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কেন্দ্র কমিটি গঠন করে আগামী ১২/০৪/২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১। 'কেন্দ্র কমিটি' নিম্নরূপে গঠন করতে হবে:

ক) চেয়ারম্যান : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা

২। সদস্যবৃন্দ :

জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)। সরকারি বিদ্যালয় এর প্রধান শিক্ষক- ০১ জন ও বেসরকারি বিদ্যালয় এর প্রধান শিক্ষক ০১ জন সদস্য হতে পারবেন (সরকারি বিদ্যালয় না থাকলে বেসরকারি বিদ্যালয় এর ০২ জন)। কেন্দ্র সচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন।

৩। কেন্দ্রসচিব :

বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব হবেন। কোন কারনে কেন্দ্র প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির চেয়ারম্যান এর অনুমোদনক্রমে কেন্দ্রের আওতাধীন অন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মধ্য থেকে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

৪। কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা :

কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন। কোনো কারণে চেয়ারম্যান তত্ত্বাবধায়ক কর্মকর্তা হিসেবে কর্তব্য পালনে অপারগ হন তাহলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত তত্ত্বাবধায়ক কর্মকর্তা নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, কোনো বিভাগের কোনো উচ্চপদস্থ কর্মকর্তা যেন কোনো নিম্নপদস্থ অফিসারের অধীনস্থ না হন।

সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ নিশ্চিত করাই হবে কেন্দ্র কমিটির মূল দায়িত্ব।

(প্রফেসর জি. এম. শহীদুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৪৩৭০

ই-মেইল: [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)